গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

জরুরী

নং- ১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০৫.২০. ৭৭৫

তারিখ: ১৯/০২/২০২০

বিষয়: **বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল এবং জিম্বাবুয়ে জাতীয় ক্রিকেট দলের মধ্যকার দ্বিপাক্ষিক ১টি টেষ্ট, ৩টি ওডিআই এবং ২টি টি-২০ ক্রিকেট খেলার চলতি ধারাবিবরণী সরাসরি সম্প্রচার।**

সূত্র : বাণিজ্যিক কার্যক্রম, ২৩/০২/২০২০খ্রি: তারিখের পত্র নম্বর:- ১৫.৫৩.০০০০.১১৪.৫১.১১১.১৩.৭২০

আগামী ২২ ফেব্রুয়ারি ২০২০ খ্রি: শনিবার, থেকে মিরপুরের শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, ঢাকা এবং সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, সিলেট এর বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল এবং জিম্বাবুয়ে জাতীয় ক্রিকেট দলের মধ্যকার দ্বিপাক্ষিক ১টি টেষ্ট, ৩টি ওডিআই এবং ২টি টি-২০ ক্রিকেট এর মোট ৬টি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হবে। উল্লিখিত খেলার চলতি ধারাবিবরণী বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার মধ্যম তরঙ্গ ৬৩০কি.হা. ও এফ.এম ১০৪.০ মে.হা., ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম ৮৮.৮ মে.হা. এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে বিটিসিএল লাইনের মাধ্যমে নিম্নোক্ত সূচি অনুযায়ী সরাসরি সম্প্রচার হবে। বাংলাদেশ বেতার চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও সিলেট এফ.এম ৮৮.৮ মে.হা., বরিশাল এফ.এম ১০৫.২ মে.হা., ঠাকুরগাঁও, ময়মনসিংহ ও গোপালগঞ্জ এফ.এম ৯২.০ মে.হা., রাঙ্গামাটি এফ.এম ১০৩.২ মে.হা., বান্দরবান এফ.এম ১০৪.০ মে.হা., কক্সবাজার ও নওয়াপাড়া, যশোর এফ.এম ১০০.৮ মে.হা. এবং কুমিল্লা এফ.এম ১০৩.৬ মে.হা.- এ উক্ত খেলার চলতি ধারাবিবরণী একযোগে রীলে হবে। তবে সংশ্লিষ্ট এফ.এম ফ্রিকোয়েন্সি থেকে বিবিসি ও এনএইচকে-র ও প্রসার ভারতীর অনুষ্ঠান এবং ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম ৮৮.৮ মেগাহার্জে রাত ৮টা ৩০মিনিটের সংবাদ যথারীতি প্রচার হবে। বিবিসি ও এনএইচকে-র অনুষ্ঠান প্রচারকালীন সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের বিকল্প এফ.এম ফ্রিকোয়েন্সিতে (যদি থাকে) পূর্ব ঘোষণা দিয়ে উক্ত খেলার ধারাবিবরণী প্রচার হবে।

ফিকশ্চার/ ম্যাচ বিবরণী : বাংলাদেশ বনাম জিম্বাবুয়ে

ক্র. নং	তারিখ	খেলা শুরু	ভেন্যু	মন্তব্য
১.	২২-২৬/০২/২০২০	সকাল-৯:৩০ মিনিট	শের-ই-বাংলা জাতীয় স্টেডিয়াম, মিরপুর, ঢাকা।	৫ দিনের ম্যাচ (টেস্ট)
২.	০১/০৩/২০২০	বেলা-১:০০ টা	সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, সিলেট।	১ দিনের ম্যাচ (ওডিআই)-১ম
৩.	০৩/০৩/২০২০	বেলা-১:০০ টা	সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, সিলেট।	১ দিনের ম্যাচ (ওডিআই)-২য়
৪.	০৬/০৩/২০২০	বেলা-২:০০ টা	সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, সিলেট।	১ দিনের ম্যাচ (ওডিআই)-৩য়
৫.	০৯/০৩/২০২০	সন্ধ্যা-৬:০০ টা	শের-ই-বাংলা জাতীয় স্টেডিয়াম, মিরপুর, ঢাকা।	১ম টি-২০ ম্যাচ
৬.	১১/০৩/২০২০	সন্ধ্যা-৬:০০ টা	শের-ই-বাংলা জাতীয় স্টেডিয়াম, মিরপুর, ঢাকা।	২য় টি-২০ ম্যাচ

২। খেলার সময়সূচিতে কোনরূপ পরিবর্তন হলে পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার এর সাথে যোগাযোগপূর্বক যথাসময়ে খেলা প্রচার নিশ্চিত করবেন এবং তিনি বা তাঁর প্রতিনিধি সময়সূচি পরিবর্তনের বিষয়ে সকল আঞ্চলিক পরিচালক-কে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন।

৩। খেলা প্রচারকালীন সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিতে পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার বন্ধ থাকবে। খেলার ধারাবিবরণী প্রচারকালীন সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে খেলা শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে খেলা ধারাবিবরণী প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিতে পূর্ব নির্ধারিত অনুষ্ঠান (বিবিসি, এনএইচকের ও প্রসার ভারতীর অনুষ্ঠান ব্যতীত) প্রচার বন্ধ থাকবে।

৪। ৬৯৩ কিলোহার্জে রাষ্ট্রীয় অনুষ্ঠান প্রচারকালীন মধ্যম তরঙ্গ ৬৩০ কিলোহার্জ হতে ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান প্রচার হবে। এক্ষেত্রে খেলা ট্রাফিক সম্প্রচার কার্যক্রম ৮৮.৮ মেগাহার্জ ও বাণিজ্যিক কার্যক্রমের ১০৪ মেগাহার্জ (প্রসার ভরতী অনুষ্ঠান প্রচার সময়ব্যতিত) হতে প্রচার হবে।

৫। খেলার ধারাবিবরণী সম্প্রচারকালীন বাণিজ্যিক কার্যক্রম ও ট্রাফিক সম্প্রচার কার্যক্রম থেকে যথারীতি আযান প্রচারিত হবে। তবে ঢাকা ব্যতীত অন্যান্য আঞ্চলিক কেন্দ্রসমূহ বাণিজ্যিক কার্যক্রমের সাথে সমন্বয় করে স্থানীয় সময়সূচি অনুযায়ী আযান প্রচার করে খেলায় ফিরে যাবে।

৬। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, মিরপুর শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম, ঢাকা, এবং সিলেট আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়াম, সিলেট থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন এবং স্যাটেলাইটের মাধ্যমে বর্ণিত খেলার ধারাবিবরণী সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রসমূহ পর্যন্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন। টেলিফোন সংক্রান্ত ব্যয় আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা-র টেলিফোন খাত থেকে পরিশোধ হবে।

৭। সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার ঢাকা মাঠ থেকে খেলা সম্প্রচারের জন্য প্রয়োজনীয় সংখ্যক লোকবলকে দাপ্তরিক দায়িত্ব প্রদানসহ যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।

৮। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতারের তথা সরকারের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে খেলার মাঝে প্রচার উপযোগী বিজ্ঞাপন/স্পন্সর সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম খেলার ধারাবিবরণী ম্যাচ ভেন্যু থেকে সুষ্ঠুভাবে সম্প্রচারের লক্ষ্যে ধারাভাষ্যকার-লোকবল বুকিং, টি.এ/ডি.এ প্রদান, ম্যাচ প্রচারের সঙ্গে সম্পর্কিত কর্মকর্তা-ধারাভাষ্যকারদের ভেন্যু পাশ সংগ্রহসহ খেলা প্রচারের সাথে সম্পর্কিত সংস্থা, সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন এবং সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালক/প্রকৌশলীগণের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগসহ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম টুর্নামেন্টের প্রতিটি ম্যাচ সার্বক্ষণিক তত্ত্বাবধানপূর্বক মনিটরিং রিপোর্ট ও প্রচার প্রতিবেদন (সংশ্লিষ্ট ফ্রিকোয়েন্সিসমূহের) সাপ্তাহিক ভিত্তিতে এবং পরিচালক, বাণিজ্যিক কার্যক্রমকে উল্লিখিত টুর্নামেন্ট থেকে বিজ্ঞাপন আয়ের তথ্যাদি ও টুর্নামেন্টের ম্যাচসমূহের প্রচার প্রতিবেদন সদর দপ্তরের অনুষ্ঠান শাখায় টুর্নামেন্ট শেষ হবার ১ (এক) সপ্তাহের মধ্য প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

১০। বাংলাদেশ বনাম জিম্বাবুয়ে মধ্যকার ম্যাচসমূহ জনপ্রিয় করার লক্ষ্যে সংশ্লিষ্ট কেন্দ্র ও ইউনিটের স্ব স্ব ফ্রিকোয়েন্সি উল্লেখপূর্বক ব্যাপকভাবে প্রমো প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কেন্দ্র ও ইউনিট প্রধানদের নির্দেশনা প্রদান করা হলো।

১১। খেলার ধারাবিবরণী সম্প্রচারে উদ্ভূত প্রকৌশলগত সমস্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক প্রকৌশলীগণ সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন-এর সাথে এবং অনুষ্ঠান সম্পর্কিত সমস্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক পরিচালকগণ পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগপূর্বক যথাযথভাবে খেলা প্রচার নিশ্চিত করবেন।

১২। প্রতিদিনের খেলার ওপর রিপোর্টিং সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৩। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪। খেলার ধারাবিবরণী সম্প্রচারে সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা, ও সিলেট স্ব স্ব ক্ষেত্রে একজন উপ-আঞ্চলিক পরিচালক/সহকারী পরিচালক (অনুষ্ঠান)-কে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদানসহ প্রযোজ্য ক্ষেত্রে বাণিজ্যিক কার্যক্রমের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা/ধারাভাষ্যকারদের জন্য আবাসনের সহযোগিতাসহ প্রয়োজনীয় অন্যান্য সহযোগিতা প্রদান করবেন।

১৫। সংশ্লিষ্ট কর্মকর্তা-ধারাভাষ্যকারদের ম্যাচ শুরুর ২(দুই) ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট ম্যাচ ভেন্যুতে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

(সালাহউদ্দিন আহমেদ)
উপ-মহাপরিচালক, (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে।
ফোন:০২-৪৪৮১৩০৬৭
salahuddinddg@yahoo.com

কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিত নয়)-

১। প্রধান প্রকৌশলী/ উপ-মহাপরিচালক, বার্তা, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।

২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার,ধামরাই, ঢাকা।

৩। সিনিয়র প্রকৌশলী/ আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা (দপ্তর আদেশটি ওয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৩, নওয়াপাড়া, যশোর/ উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৪/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-৫, কাহালু, বগুড়া/ পুরাতন প্রচার ভবন, কালুরঘাট, চট্টগ্রাম।

৪। পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম/ ট্রাফিক সম্প্রচার কার্যক্রম/ লিয়াজোঁ, আগারগাঁও, ঢাকা।

৫। আঞ্চলিক পরিচালক/ আঞ্চলিক প্রকৌশলী/ আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা/ রাজশাহী/ রংপুর/ সিলেট/ বরিশাল/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ রাঙামাটি/ বান্দরবান/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ ময়মনসিংহ।

৬। স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, আগারগাঁও, ঢাকা/ নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা ।

৭। উপ-বার্তা নিয়ন্ত্রক/উপ-আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার বরিশাল/ রাঙামাটি/ বান্দরবান/ ঠাকুরগাঁও/ কক্সবাজার/ কেন্দ্রীয় ভান্ডার, পাহাড়তলী, চট্টগ্রাম।

৮। নথি।